

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর।
<http://raipur.lakshmipur.gov.bd>


উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি)-তে উদ্যোক্তা হিসেবে কাজ করতে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা) এর ০৯/০৫/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৬৩৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রায়পুর উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার (ইউডিসি) পরিচালনার নিমিত্ত একজন নারী উদ্যোক্তা এবং বিকল্প হিসেবে একজন পুরুষ ও একজন নারী উদ্যোক্তা চুক্তিভিত্তিক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্বাচন করা হবে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন
০১	উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) নারী উদ্যোক্তা	০১	আবেদনকারীকে ন্যূনতম এইচএসসি পাস, তথ্য-প্রযুক্তিতে আগ্রহী বা দক্ষতা রয়েছে, বিনিয়োগে উৎসাহী এবং সরকারি-বেসরকারি ই-সেবা দিতে সক্ষম। কম্পিউটার প্রশিক্ষণ থাকা আবশ্যিক।	বেতন ভাতা নেই
০২	উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি)-পুরুষ ও নারী উদ্যোক্তা (বিকল্প)	০২		

শর্তাবলী

- উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী নন বিধায় (ইউডিসি)-কে সচল রাখা, আয় বৃদ্ধি ও টেকসইকরণের ক্ষেত্রে নির্বাচিত উদ্যোক্তা সকল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন। এক্ষেত্রে উপজেলা পরিষদ সহায়ক পরিবেশ সৃষ্টিতে ভূমি রাখবে।
 - উপজেলা ডিজিটাল সেন্টার পরিচালনার জন্য কোন প্রকার বেতন ভাতা প্রদান করা হবেনা। সেবা প্রদানের মাধ্যমে অর্জিত অর্থ থেকে উপজেলা ডিজিটাল সেন্টারের পরিচালনার ব্যয় নির্বাহ করতে হবে এবং অতিরিক্ত আয় উদ্যোক্তাগণ প্রাপ্য হবেন।
 - উপজেলা ইউডিসিতে প্রদত্ত সেবারমূল্য উপজেলা পরিষদ কর্তৃক নির্ধারণ করা হবে।
 - উপজেলা পরিষদ কর্তৃক ইউডিসির নির্বাচিত উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র সম্পাদন করা হবে।
 - উদ্যোক্তা ইউডিসির সকল যন্ত্রপাতি ও উপকরণের নিরাপত্তা নিশ্চিতকরণসহ উপকরণসমূহের রক্ষনাবেক্ষন এবং মেরামতের দায়িত্বগ্রহণ করবেন।
 - (ইউডিসি)-র ইন্টারনেট, বিদ্যুৎ, পানি ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ নিয়মিত পরিশোধ করবেন।
 - স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) মোবাইল নম্বর (ড) ই-মেইল (ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
 - আবেদনের সাথে পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি সত্যায়িত, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, জন্ম নিবন্ধন অনলাইন সত্যায়িত ফটোকপি, পৌর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা এবং তথ্য-প্রযুক্তিতে অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
 - আবেদনকারী অবশ্যই রায়পুর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
 - প্রার্থীর বয়স ০৭/০২/২০২১খ্রিঃ তারিখে ১৮-৩০ পর্যন্ত ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানগণের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৩২ বছর।
 - উপজেলা পরিষদ কর্তৃক ইউডিসিতে উদ্যোক্তার সাথে চুক্তি সম্পাদন করা হবে। এই চুক্তির ফি ও মেয়াদ সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কর্তৃক চূড়ান্ত করা হবে। চুক্তির মেয়াদ শেষে উদ্যোক্তা পরবর্তী সময়ের জন্য উদ্যোক্তা হিসেবে কাজ করতে আগ্রহী থাকলে উপজেলা পরিষদ কর্তৃক চুক্তি নবায়ন করবে।
 - নির্বাচিত উদ্যোক্তার অপারগতা, কোন অভিযোগে অভিযুক্ত হলে বা দীর্ঘদিন অনুপস্থিতিতে বিকল্প উদ্যোক্তাগণকে ইউডিসি পরিচালনার ক্ষেত্রে বিবেচনা করা হবে।
 - এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তি ভিত্তিক বলে গণ্য হবে।
 - উদ্যোক্তা নির্বাচনকারী কর্তৃপক্ষ যেকোন সিদ্ধান্ত/ সংশোধন/ পরিবর্তন/ নির্বাচন স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।
- আগ্রহী প্রার্থীদের আগামী ০৭/০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ছবি ও শিক্ষাগত সনদের সত্যায়িত কপিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



(সাবরীন চৌধুরী)

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৫৮.০০১.৩৮.০০৭.২১-১০০
অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

তারিখ : ৩১/০১/২০২১খ্রিঃ।

- জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- উপসচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- মেয়র, রায়পুর পৌরসভা ও ইউপি চেয়ারম্যান, সচিব, উদ্যোক্তা (সকল), রায়পুর, লক্ষ্মীপুর। (বহুল প্রচারের জন্য)
- জনাব সদস্য, রায়পুর উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার (ইউডিসি)
উদ্যোক্তা নির্বাচন সংক্রান্ত কমিটি, রায়পুর, লক্ষ্মীপুর।
- অফিস কপি।


(সাবরীন চৌধুরী)

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।